# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ২. ৩. ১. নিষিদ্ধ ও বিবেক বিরোধী বিবাহ

আপন বা সৎ, অর্থাৎ সহোদরা, বৈমাত্রেয় ও বৈপিত্রেয় সকল প্রকারের বোনকে বিবাহ করা বাইবেলে নিষিদ্ধ। “নিজের বোনকে বা সৎবোনকে বিয়ে করে তার সংগে সহবাস করা একটা লজ্জার কাজ- সেই বোন মায়ের দিক থেকেই হোক কিংবা পিতার দিক থেকেই হোক। যারা তা করবে লোকদের চোখের সামনেই তাদের হত্যা করতে হবে।” (লেবীয় ২০/১৭, মো.-১৩) আরো দেখুন: লেবীয় ১৮/৯ ও দ্বিতীয় বিবরণ ২৭/২২)। কিন্তু বাইবেলই বলছে, অবরাহাম নিজের সৎবোন, পিতৃকন্যা বা বৈমাত্রেয় বোন ‘সারা’-কে বিবাহ করেন (আদিপুস্তক ২০/১২)।

ইসলামি বিশ্বাসে মহান আল্লাহ যুগের প্রয়োজনের ভিত্তিতে পরবর্তী নবীদের মাধ্যমে পূর্ববর্তী নবীদের ‘ব্যবহারিক বিধান’ পরিবর্তন করতে পারেন। পক্ষান্তরে ইহুদি ও খ্রিষ্টধর্মের বিশ্বাস অনুসারে ঐশ্বরিক বিধান পরিবর্তন হয় না। পূর্ববর্তী নবীরাও পরবর্তীতে প্রকাশিত ঐশ্বরিক নির্দেশ জানতেন বা পালনের অধীন ছিলেন। আর এ বিশ্বাস অনুসারে ইবরাহীমের এ বিবাহ অবৈধ ও ব্যভিচারতুল্য ছিল।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14312

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন